

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়
অভ্যন্তরীণ সম্পদ বিভাগ

[মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক]

প্রজ্ঞাপন

তারিখ: ৩০ জ্যৈষ্ঠ, ১৪২৬ বঙ্গাব্দ / ১৩ জুন, ২০১৯ খ্রিস্টাব্দ।

এস.আর.ও. নং-১৮৯-আইন/২০১৯/৪৬-মুসক।—মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আইন, ২০১২ (২০১২ সনের ৪৭ নং আইন) এর ধারা ১২৬ এর উপ-ধারা (১) এ প্রদত্ত ক্ষমতাবলে, সরকার নিম্নের টেবিলের কলাম (১) এ বর্ণিত শিরোনামা সংখ্যা এবং উহার বিপরীতে কলাম (২) এ উল্লিখিত সেবার কোডের আওতাধীন কলাম (৩) এ বর্ণিত সেবা প্রদানকারীকে কলাম (৪) এ বর্ণিত শর্তাধীনে উহাদের উপর আরোপনীয় সমুদয় মূল্য সংযোজন কর হইতে অব্যাহতি প্রদান করিল, যথা:-

শিরোনামা সংখ্যা	সেবার কোড	সেবা প্রদানকারী	শর্তসমূহ (৪)
(১)	(২)	(৩)	(৪)
S০১২	S০১২.১০ S০১২.১২ S০১২.১৩	টেলিফোন, টেলেক্স, ফ্যাক্স	(ক) সেবা গ্রহীতা বন্ডেড ওয়্যার হাউস এবং স্পেশাল বন্ডেড ওয়্যার হাউস সুবিধাভোগী শতকরা একশত ভাগ উৎপাদক রপ্তানিকারক শিল্প প্রতিষ্ঠান হইতে হইবে; (খ) উক্ত সেবা গ্রহীতা কর্তৃক কেবলমাত্র রপ্তানি কাজে ব্যবহৃত ২ (দুই) টি টেলিফোন, ১ (এক) টি টেলেক্স ও ১ (এক) টি ফ্যাক্স এর ক্ষেত্রে এ অব্যাহতি প্রযোজ্য হইবে; (গ) সেবা গ্রহীতাকে উক্ত টেলিফোন, টেলেক্স ও ফ্যাক্স নম্বর উল্লেখ করিয়া সংশ্লিষ্ট মূল্য সংযোজন কর কমিশনারেটে আবেদন করিতে হইবে। আবেদন প্রাপ্তির পর কমিশনার মূল্য সংযোজন কর অব্যাহতির বিষয়ে একটি প্রত্যয়নপত্র জারি করিবেন এবং উক্ত প্রত্যয়নপত্র জারির তারিখ হইতে পরবর্তী ২ (দুই) অর্থ বৎসর পর্যন্ত বহাল থাকিবে।
S০২৭	S০২৭.০০	বীমা কোম্পানি	শতভাগ রপ্তানিমুখী প্রতিষ্ঠানের অগ্নিবীমা সেবা।
S০২৮	S০২৮.০০	কুরিয়ার (Courier) ও	কেবল রপ্তানির সহিত সম্পৃক্ত সেবার উপর রপ্তানির সুযোগ সৃষ্টির জন্য নমুনা (Sample)

শিরোনাম সংখ্যা	সেবার কোড	সেবা প্রদানকারী	শর্তসমূহ
(১)	(২)	(৩)	(৪)

এক্সপ্রেস মেইল সার্ভিস বিদেশে প্রেরণ অব্যাহতির আওতায় থাকিবে।

So৫৬	So৫৬.০০	ব্যাংকিং ও নন-ব্যাংকিং সেবা প্রদানকারী	ব্যাংকিং ও নন-ব্যাংকিং সেবা প্রদানকারী কর্তৃক রপ্তানি ও রপ্তানি সংশ্লিষ্ট সেবা প্রদানের বিপরীতে প্রাপ্ত কমিশন, ফি বা চার্জ।
------	---------	--	---

২। এই প্রজ্ঞাপনে প্রদত্ত সুবিধা রপ্তানি প্রক্রিয়াকরণ অঞ্চলে অবস্থিত শিল্প প্রতিষ্ঠানের ক্ষেত্রেও প্রযোজ্য হইবে।

৩। এই প্রজ্ঞাপন ১৭ আষাঢ়, ১৪২৬ বঙ্গাব্দ মোতাবেক ০১ জুলাই, ২০১৯ খ্রিস্টাব্দ তারিখে কার্যকর হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

(মোঃ মোশাররফ হোসেন ভূঁইয়া, এনডিসি)
সিনিয়র সচিব